



তথ্যবিবরণী

নম্বর-১৮৩

রাজশাহীতে নিরাপদ খাদ্য বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী; ১৯ মাঘ (০২ ফেব্রুয়ারি):

আজ ০২ ফেব্রুয়ারি (রবিবার) ৮ম জাতীয় নিরাপদ খাদ্য দিবস। এবারের প্রতিপাদ্য- ‘খাদ্য হোক নিরাপদ, সুস্থ থাকুক জনগণ’। দিবসটি উদযাপন উপলক্ষে দুপুরে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে নিরাপদ খাদ্য বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের পরিচালক পারভেজ রায়হান।

প্রধান অতিথি বলেন, এক সময় আমাদের সমস্যা ছিল অপুষ্টি কিন্তু এখনকার সমস্যা হচ্ছে অতিপুষ্টি যা শরীরে খুব বড় ধরনের বিপদ ডেকে আনে। এর কারণে ধীরে ধীরে আমাদের শরীরের অরগানগুলো দুর্বল হয়ে যাচ্ছে। ফলে জটিল রোগ দেখা দিচ্ছে।

পারভেজ রায়হান বলেন, প্রয়োজন কোনো আইন মানে না। আমরা সবাই বুঝি কোনটা ভালো আর কোনটা মন্দ। বেশি বেশি ফাস্ট ফুড এবং ফ্রিজি ড্রিংকস খাওয়া ক্ষতিকর তারপরও আমরা কেন এগুলোর দিকে ঝুঁকে পড়ছি? চাহিদা আছে বলেই বাজারে যোগান বাড়ছে। তিনি সকলকে প্যাকেট খাবার পরিহার করে সচেতন হওয়ার আহ্বান জানান।

খাবার প্রস্তুতকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, নিরাপদ খাবার প্রস্তুত করতে হবে। আমরা এককভাবে কেউ এই সমস্যার সমাধান করতে পারব না। আমরা যদি সচেতন না হই তাহলে এ সমস্যার সমাধান কখনই সম্ভব হবে না। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন নিরাপদ খাদ্য অফিসার মো. ইয়ামিন হোসেন।

জেলা প্রশাসক আফিয়া আখতার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. জাকিউল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক মো. মহিনুল হাসান, আরএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার মো. রকিবুল হাসান ইবনে রহমান। সেমিনারে সরকারি-বেসরকারি দপ্তরের প্রধানগণ, হোটেল-রেস্তোরা মালিক, এনজিও প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করে।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৬.৫০ ঘ.